

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.১৬.০০৮.১৫- ৪০০

তারিখঃ ২০/০৬/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অর্ন্তভুক্তিকরণে অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশে কারিগরি শিক্ষায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা কল্যাণ নিশ্চিতকরণের পাশাপাশি সার্বিক জীবনমান উন্নয়নে সরকার ও অর্ন্তজাতিক শ্রম সংস্থা (আইএলও) এর যৌথ উদ্যোগে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অর্ন্তভুক্তিকরণ এবং তাদের শিক্ষা ও জীবনমান উন্নয়নের পাশাপাশি ভবিষ্যৎ কর্মসংস্থান নিশ্চিতকরণে শিক্ষা মন্ত্রণালয় থেকে Disability Inclusion Advisory Group গঠন করা হয়। ইতোমধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে গঠিত Advisory Group এর ১ম ও ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৭-১৮ অর্থবছরে অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে নিম্নলিখিত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

ক্র.নং	কার্যক্রম	বিবরণ
০১।	২০১৭-১৮ অর্থবছরের Disability Inclusion Action Plan প্রণয়ন	কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে Disability Inclusion এর জন্য ২০১৭-১৮ অর্থবছরে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা ০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০২।	প্রতি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে disability focal point নিয়োগ	প্রতি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অগ্রহী এবং ইচ্ছুক কর্মকর্তাদের মধ্য থেকে ০১ (এক) জন কর্মকর্তাকে disability focal point হিসাবে নিয়োগ করে তার নাম, পদবী, মোবাইল ও ই-মেইল সংক্রান্ত তথ্যাদি জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৩।	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনসমূহের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনসমূহের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষর প্রয়োজন। তদপ্রেক্ষিতে নিজ নিজ প্রতিষ্ঠান তার নিকটস্থ Disabled Peoples' Organizations (DPO's) এর সাথে MoU স্বাক্ষর করতে হবে। ইতোমধ্যে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পন্ন করেছেন অথবা পরবর্তীতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান সমঝোতা স্মারক স্বাক্ষর করবেন তার অনুলিপি অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৪।	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষিত প্রতিবন্ধী প্রশিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এমপ্লয়ার্সদের (Employers) সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষিত প্রশিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এমপ্লয়ার্সদের (Employers) সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষর করে তার অনুলিপি ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৫।	প্রতিবন্ধী প্রশিক্ষার্থীদের জন্য Job placement এবং follow-up	০৬ (ছয়) মাস অন্তর অন্তর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য Job placement এর ব্যবস্থা গ্রহণ, আউটগোয়িং শিক্ষার্থীদের ডাটাবেইজ সংগ্রহ ও সংরক্ষণ এবং তাদের জব প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় লজিস্টিক (Logistic) সাপোর্ট প্রদান ও follow-up।
০৬।	জব ফেয়ার লিংকেজ	নিয়মিতভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য যে সকল প্রতিষ্ঠান Job Fair এর আয়োজন করে থাকেন তাদের সাথে লিংকেজ (Linkage) স্থাপন।
০৭।	প্রতিবন্ধী শিক্ষার্থীদের ডাটাবেইজ প্রস্তুত ও হালনাগাদ করণ	০৩ (তিন) মাস অন্তর অন্তর প্রতিবন্ধী শিক্ষার্থীদের ডাটাবেইজ প্রস্তুত ও হালনাগাদ করে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮।	প্রশিক্ষণ পরিচালনা করা	ইতোমধ্যে সম্পন্ন প্রশিক্ষক প্রশিক্ষণ (Training of Trainers) কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তার দ্বারা ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রতি প্রতিষ্ঠানে disability inclusion বিষয়ে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
০৯।	Disability Inclusion Action Plan বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে অধিদপ্তরে প্রেরণ	০৩ (তিন) মাস অন্তর অন্তর Disability Inclusion Action Plan বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরোক্ত কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

মহাশয়
২০/৬/১৭
(মনজুরুল কাদের)
য়ুগ্ম-সচিব ও
পরিচালক (প্রশাসন)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
- ৩। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৪। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.১৬.০০৮.১৫- ৪০০ (৪),

তারিখঃ ২০/০৬/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

- ১। পরিচালক (প্রশাসন)/ পরিঃ ও উন্নয়ন/ ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।

মোঃ সামসাদ খান্নিল
সহকারী পরিচালক-১

